গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় অফিস,
রৌমারী, কুড়িগ্রাম

সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ।

নম্বর: ৪৭.৬১.৪৯৭৯.০০০.৩৯.০০৪.২৩.৩৯৩

তারিখ: ৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

**বিষয়: বিজ্ঞপ্তি/নোটিশ ১৮ ডিসেম্বর ২০২৪**

এতদ্বারা অত্র দপ্তরের তথ্য অধিকার কমিটির সদস্যগণের অবগতির জন্য জানান যাচ্ছে যে, ২০২৪-২০২৫ খ্রি. সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রার সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন অংশের তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির ২য় ত্রৈমাসিক(অক্টোবর-ডিসেম্বর)২০২৪ সভা আগামী ২৩/১২/২০২৪ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা সমবায় কার্যালয়, রৌমারী কুড়িগ্রাম এর কক্ষে আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সংশ্লিষ্ট কমিটির সদস্যগণকে যথাসময়ে স্বাস্থ্যবিধি অনুসরন পূর্বক উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

১৮-১২-২০২৪
মো: শাহাদৎ হোসেন
উপজেলা সমবায় অফিসার

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সহকারী পরিদর্শক-১, উপজেলা সমবায় অফিস, উপজেলা সমবায় অফিস,রৌমারী, কুড়িগ্রাম।
২। সহকারী পরিদর্শক-২, উপজেলা সমবায় অফিস, উপজেলা সমবায় অফিস,রৌমারী, কুড়িগ্রাম।
৩। জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
রৌমারী কুড়িগ্রাম।

## তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তবায়ন কমিটির সভার কার্য বিবরণী

তারিখ:২৩/১২/২০২৪ খ্রি.
সময়: সকাল ১১.০০ ঘটিকা

| ক্র.নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ শাহাদৎ হোসেন উপজেলা সমবায় কর্মকর্তা | আহ্বায়ক | |
| ০২ | মোঃ শফিকুল ইসলাম সহকারী পরিদর্শক | সদস্য | |
| ০৩ | মোঃ শামীম হোসেন সহকারী পরিদর্শক | সদস্য | |

মোঃ শাহাদৎ হোসেন, উপজেলা সমবায় কর্মকর্তা রৌমারী, কুড়িগ্রাম এর সভাপতিত্বে তথ্য অধিকার সংক্রান্ত সভার কার্য শুরু হয়।
সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্যসূচি মোতাবেক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১।নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিঃ

আলোচনা ও সিদ্ধান্ত: সভায় ফোকাল পয়েন্ট জানান যে, তথ্য অধিকার আইন অনুযায়ী কোনো ব্যক্তির নিকট হতে তথ্য প্রাপ্তির আবেদন পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। এ নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত হয় যে, অত্র দপ্তরে কেউ কোনো যুক্তি সংগত তথ্য প্রাপ্তির আবেদন করলে তা নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করা হবে।

২। বার্ষিক প্রতিবেদন প্রকাশঃ সভায় ফোকাল পয়েন্ট জানান যে, বার্ষিক প্রতিবেদন প্রকাশের বিষয়ে ১৫/১০/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে বাধ্যবাধকতা আছে। সে প্রেক্ষিতে অত্র দপ্তরের বার্ষিক প্রতিবেদন ১৫/১০/২০২৪ খিঃ তারিখের মধ্যে প্রকাশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৩। ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ:

সভায় ফোকাল পয়েন্ট ২য় ত্রৈমাসিক প্রতিবেদন তথ্য বাতায়নে তথ্য অধিকার বিষয়ক সেবা বক্স হালনাগাদ করার বিষয়টি উপস্থাপন করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে প্রতি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনান্তে তথ্য বাতায়নে সেবা প্রদান বিষয়ক সেবা বক্স হালনাগাদ করণ ও উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১২/২৪
(মোঃ শাহাদৎ হোসেন)
উপজেলা সমবায় কর্মকর্তা
রৌমারী, কুড়িগ্রাম।
ও
আহ্বায়ক, তথ্য অধিকার বিষয়ক
২০২৪-২০২৫ বাস্তবায়ন কমিটি।

স্মারক নং-৪৭.৬১.৪৯৭৯.০০০.৩৪.০০৩.২৩.৩৭৬(৪) তারিখঃ২৩/১২/২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। জনাব.................................। সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।
২। জেলা সমবায় কর্মকর্তা, কুড়িগ্রাম।
৩। অফিস নথি।

২৩/১২/২৪
(মোঃ শাহাদৎ হোসেন)
উপজেলা সমবায় কর্মকর্তা
রৌমারী, কুড়িগ্রাম।
ও
আহ্বায়ক, তথ্য অধিকার বিষয়ক
২০২৪-২০২৫ বাস্তবায়ন কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম
www.cooperative.rowmari.kurigram.gov.bd

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপজেলা সমবায় কার্যালয়, রৌমারী, কুড়িগ্রামে তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করা হয়েছে। ভবিষ্যতে অত্র দপ্তরে উক্ত সেবাটি চালু থাকবে বলে আশা করা যাচ্ছে।

০০/১২/২৪

(মোঃ শাহাদৎ হোসেন)
উপজেলা সমবায় কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম
www.cooperative.rowmari.kurigram.gov.bd

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপজেলা সমবায় কার্যালয়, রৌমারী, কুড়িগ্রামে তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা অনুযায়ী ১৫/১০/২০২৪ খ্রিঃ তারিখে বার্ষিক প্রতিবেদন প্রকাশ ও সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করা হয়েছে। ভবিষ্যতে অত্র দপ্তরে উক্ত সেবাটি চালু থাকবে বলে আশা করা যাচ্ছে।

১৫/১০/২৪

(মোঃ শাহাদৎ হোসেন)
উপজেলা সমবায় কর্মকর্তা
উপজেলা সমবায় কার্যালয়
রৌমারী,কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম
www.cooperative.rowmari.kurigram.gov.bd

**উপজেলা সমবায় কার্যালয়, রৌমারী, কুড়িগ্রাম এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার কর্মপরিকল্পনা বিষয়ে ২০২৪-২০২৫ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।**

উপজেলা সমবায় কার্যালয়, রৌমারী, কুড়িগ্রাম এর ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার কর্মপরিকল্পনা বিষয়ক বাস্তবায়ন কমিটির ২৩/১২/২০২৪ তারিখের সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হলো।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | সংশ্লিষ্ট কমিটির সভা আয়োজন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা গত ২৩/১২/২০২৪ তারিখে বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% |
| ২ | তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি। | অত্র দপ্তরের আওতাধীন সেবাগ্রহীতা কর্তৃক চাহিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করা হয়েছে। | ১০০% |
| ৩ | বার্ষিক প্রতিবেদন প্রকাশ | নির্ধারিত সময়ের মধ্যে অত্র দপ্তরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের বাধ্যবাধকতা থাকায় তা গত ১৫/১০/২০২৪ খ্রি. তারিখে প্রকাশ করে ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে। | ১০০% |

অতপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহাদৎ হোসেন)
উপজেলা সমবায় কর্মকর্তা
রৌমারী, কুড়িগ্রাম।
ও
আহ্বায়ক
তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি ২০২৪-২০২৫।

স্মারক নং-৪৭.৬১.৪৯৭৯.০০০.৩৪.০০৩.২১.৩৮০

তারিখঃ২৯/১২/২০২৪ খ্রি.।

মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
১। জেলা সমবায় কর্মকর্তা
২। অফিস নথি।

(মোঃ শাহাদৎ হোসেন)
উপজেলা সমবায় কর্মকর্তা
রৌমারী, কুড়িগ্রাম।
ও
আহ্বায়ক
তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি ২০২৪-২০২৫।